# 2020
# BENGALI
## [HONOURS]
## Paper : VI

Full Marks : 100 Time : 4 Hours

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ১×৫=৫

ক) 'Epic' শব্দটি কোন্ গ্রীক শব্দ থেকে এসেছে?

খ) বাংলা ভাষার যে-কোনো একটি পত্রকাব্যের নাম লেখো।

গ) 'দয়ার সাগর তুমি। করো দয়া মোরে', — এখানে বক্তা কে?

ঘ) 'জগতের মাঝে কত বিচিত্র তুমি হে' — এখানে 'তুমি' বলতে কাকে বোঝানো হয়েছে?

ঙ) 'বীরাঙ্গনা' কাব্যটি কত সালে প্রকাশিত হয়?

চ) 'আমরা যে কালো, তুমি ভালো জান,
নহে তাহা অপরাধ'
— এখানে 'তুমি' বলে কাকে সম্বোধন করা হয়েছে?

ছ) '... ধন্য সে সুখ চোর' — কার উদ্দেশ্যে এই মন্তব্যটি এখানে করা হয়েছে?

[পরের পাতায়]

জ) 'কোথায় হরিণ আজ হতেছে শিকার
বনের ভিতরে আজ শিকারীরা আসিয়াছে,'
— এখানে কোন্ ঋতুর কথা উল্লিখিত হয়েছে?

২। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'ভোরের পাখি' কাকে সম্বোধন করা হয়? বাংলা ভাষায় একটি সার্থক গীতিকবিতার নাম লেখো।

খ) 'বীরাঙ্গনা' কাব্যটি কবি মধুসূদন দত্ত কাকে উৎসর্গ করেন? এই কাব্যে মোট কতগুলি পত্র আছে?

গ) 'কি বলিয়া সম্বোধিবে, হে সুধাংশুনিধি,' — এখানে বক্তা কে? কার উদ্দেশ্যে এরূপ মন্তব্য?

ঘ) 'যুগ যুগান্তর হতে তুমি শুধু বিশ্বের প্রেয়সী' — উল্লিখিত অংশটি কোন্ কবিতার অংশ? কার সম্পর্কে এই মন্তব্যটি করা হয়েছে?

ঙ) 'নতুন করিয়া লহ আরবার
চির-পুরাতন মোরে।'
— এখানে বক্তা কে? কার সম্পর্কে এরূপ মন্তব্য?

চ) 'কে জানে কোথায় শেষ মানব পরানে।' উক্ত উদ্ধৃতিটির মূল কবিতা ও কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।

ছ) 'তুমি মোরে দানিয়াছ খ্রিস্টের সম্মান' — কোন্ কবিতার অংশ? এখানে 'তুমি' শব্দটি কার উদ্দেশ্যে ব্যবহৃত হয়েছে?

জ) 'প্রতি শনিবারই চিঠিতে প্রেয়সী গালি দেন ...।'
— উদ্ধৃত অংশটিতে কার উদ্দেশ্যে এই গালিবর্ষণ? কী বলে গালি দেওয়া হয়?



Scanned with CamScanner

ঝ) 'একটি চোখ রক্ত-টেঁড়শ, চলচ্ছক্তিহীনও।'— উক্ত উদ্ধৃতিটিতে কার সম্পর্কে এরূপ মন্তব্য করা হয়েছে? মূল কবিতার নাম উল্লেখ করো।

ঞ) বাংলা ভাষায় রচিত একটি সাহিত্যিক মহাকাব্যের নাম ও সেই সঙ্গে কবির নামও উল্লেখ করো।

ট) 'নড়বড়ে খুঁটি ধরে দগ্ধ ঘরের।'— উক্ত অংশটি কোন্ কবির লেখা? কার সম্পর্কে এই কথা বলা হয়েছে?

ঠ) 'তোমরা ভুলে যেওনা আমাকে' — বক্তা কে? মূল কবিতার নাম লেখো।

৩। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৬×৫=৩০

ক) চিত্রকল্প বলতে কী বোঝো? একটি দৃষ্টান্ত দিয়ে বিষয়টি বুঝিয়ে দাও। ৩+৩=৬

খ) যে-কোনো **একটি** বিষয়ে টীকা লেখো :

মহাকাব্য, ক্লাসিসিজম, রোমান্টিসিজম

গ) 'মোমের প্রতি তারা' পত্রে তারা চরিত্র কতটা বিদ্রোহিনী হয়ে উঠেছে তা আলোচনা করো।

ঘ) 'দারিদ্র্য' কবিতায় দারিদ্র্য কীভাবে কবিকে মহিমান্বিত করে তুলেছে তা মূল কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও।

ঙ) 'আছে দুঃখ শেষে সুখ, দিবা পরে রাতি,
নিরাশায় সুখ-স্মৃতি, অন্ধকারে রাতি।'— তোমার পঠিত 'অশ্রুকণা' কাব্য অবলম্বনে কবিহৃদয়ের এই অভিব্যক্তির স্বরূপ উল্লেখ করো।



চ) 'অন্তর্যামী' কবিতায় কবির অন্তর্যামী কীভাবে ব্যক্তিগত জীবনে ও কাব্যে আশ্চর্য রহস্যের পরিমণ্ডল সৃষ্টি করে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

ছ) 'স্তব্ধ হইয়া বসিয়া রহিনু কি দিব জবাব আর' — এখানে প্রশ্নটি কী তা উল্লেখ করে জবাবে কী বলা হয়েছে তা উল্লেখ করো। ২+৪=৬

৪। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১৫×৩=৪৫

ক) 'বীরাঙ্গনা' কাব্যের নায়িকারা সত্যিই বীরাঙ্গনা কিনা আলোচনা করে এই কাব্যের নামকরণ কতখানি যুক্তিপূর্ণ হয়েছে তা তোমার পঠিত পত্র অবলম্বনে বিবৃত করো। ৭+৮=১৫

খ) 'রবীন্দ্রনাথের কবি জীবনে চিত্রার যুগ জীবনদেবতা ভাবতত্ত্বের যুগ' — তোমার পঠিত কবিতা অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।

গ) গীতিকবিতা বলতে কী বোঝ? গীতিকবিতার স্বরূপ ও বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। ৫+১০=১৫

ঘ) 'সবি পুরাতন, সখা,
আছে অশ্রুকণা নব।'
— অশ্রুকণা কাব্যটি সমগ্র বাংলা সাহিত্যে কোন্ কোন্ দিক থেকে গুরুত্বপূর্ণ তা আলোচনা করো।

ঙ) 'সাম্যবাদী' কবিতা অবলম্বনে কবির সমাজচিন্তার বিভিন্ন দিক সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো।

চ) অমিয় চক্রবর্তীর 'বৃষ্টি' কবিতায় কবিমনের গভীর দার্শনিক অনুভূতি কীভাবে প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।

---



Scanned with CamScanner